

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৮৪১

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বক্তব্য "কী ব্যাপার! কুরআনে পাঠে আমার সাথে প্রতিদ্বন্দিতা করা হচ্ছে" এর দ্বারা উদ্দেশ্য হলো জোরে কিরাআত পাঠ করা; ইমামের পিছনে কিরা'আত পাঠ করা উদ্দেশ্য নয়

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ قَوْلَهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وسلم (ما لي أنازع القرآن) أراد به رَفْعَ الصَّوْتِ لَا الْقِرَاءَةَ خَلْفَهُ

আরবী

1841 _ أَخْبَرَنَا أَبُو يَعْلَى قَالَ: حَدَّثَنَا مَخْلَدُ بْنُ أَبِي زُمَيْلٍ قَالَ: حَدَّثَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ عَمْرٍو عَنْ أَيُّوبَ عَنْ أَبِي قِلَابَةَ عَنْ أَنسِ بْنِ مَالِكِ: أَنَّ النَّبِيَّ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسلَّمَ صلَّى عَمْرٍو عَنْ أَيُّوبَ عَنْ أَبِي قِلَابَةَ عَنْ أَنسِ بْنِ مَالِكِ: أَنَّ النَّبِيَّ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسلَّمَ صلَّى بِأَصِحْابِهِ فَلَمَّا قَضَى صلَلَاتِكُمْ خَلْفَ بِأَصِحْدابِهِ فَلَمَّا قَضَى صلَلَاتِكُمْ خَلْفَ الْإِمَامِ وَالْإِمَامُ يَقْرَأُ)؟ فَسكَتُوا فَقَالَهَا ثَلَاثَ مَرَّاتٍ فَقَالَ قَائِلٌ أَوْ قَائِلُونَ: إِنَّا لَنَفْعَلُ قَالَ: (فَلا تَفْعَلُوا وَلْيَقْرَأُ أَحَدُكُمْ بفاتحة الكتاب في نفسه)

الراوي: أنس ا المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1841 | خلاصة حكم المحدث: صحيح لغيره ـ ((صفة الصلاة)) قَوْلُهُ: (فَلَا تَفْعَلُوا) لَفْظَةُ زَجْرٍ مُرَادُهَا ابْتِدَاءُ أَمْرٍ مُسْتَأْنَفٍ إِذِ الْعَرَبَ تَفْعَلُ ذَلِكَ فِي لغتها كثيراً.

বাংলা

১৮৪১. আনাস বিন মালিক রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম একবার তাঁর সাহাবীদের নিয়ে সালাত আদায় করেন, অতঃপর যখন তিনি সালাত শেষ করেন, তখন তিনি তাদের মুখোমুখি হন এবং বলেন, "ইমাম যখন কিরা'আত পাঠ করে, তখন তোমরা কি ইমামের পিছনে কিরা'আত পাঠ করো?" লোকজন তখন চুপ থাকেন। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এটি তিনবার বলেন। তখন একজন অথবা কয়েকজন বলেন, "আমরা এরকম করি।" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "এরকম করবে না, বরং তোমরা মনে মনে সূরা ফাতিহা পাঠ করবে।"[1]



আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বক্তব্য "এরকম করবে না" এটি একটি সতর্কীকরণমূলক বাক্য, এর দ্বারা উদ্দেশ্য হলো নতুন করে এরকম কাজ না করা। আরবরা এরকম বাক্য হরহামেশায় ব্যবহার করেন।"

ফুটনোট

[1] দারাকুতনী: ১/৩৪০; সুনান বাইহাকী: ২/১৬৬; ইমাম বাইহাকী, আল কিরা আত খলফাল ইমাম: ১৭৫।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ লিগাইরিহী বলেছেন। (সিফাতুস সালাত)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন